

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.১৬২.১৪.

তারিখ : /০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহের আঞ্চলিক পরিদর্শকদের সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম জোরদার করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৭/০৮/২০১৭খ্রিঃ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের সম্মেলন কক্ষে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় আঞ্চলিক পরিদর্শকদের কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম জোরদার করণ সংক্রান্ত সভা হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সুপারিশ করা হয়।

সিদ্ধান্ত সমূহ :

- ১) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় আঞ্চলিক পরিদর্শকগণ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বৎসরে দুইবার মনিটরিং করতে হবে।
- ২) অধিদপ্তর কর্তৃক নির্ধারিত চেক লিষ্ট যথাযথ অনুসরণ করে আঞ্চলিক পরিদর্শকগণ মনিটরিং কার্যক্রম পরিচালনা করবেন এবং সে সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন পরবর্তী কার্যার্থে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৩) আঞ্চলিক পরিদর্শকগণকে মনিটরিং-এর সময় প্রতিষ্ঠানসমূহের ওয়ার্কসপ/ল্যাব (রসায়ন/পদার্থ/অন্যান্য) পরিষ্কার পরিচ্ছন্ন ও যথাযথ রক্ষণাবেক্ষণ করছেন কিনা তা সরেজমিনে পরিদর্শন করবেন।
- ৪) প্রতিষ্ঠানের সরকারি ও বেসরকারি খাতের ক্যাশ বই হালনাগাদ এবং খাতওয়ারী ক্যাশ বই এর সাথে ব্যাংক স্টেটমেন্ট সঠিক রয়েছে কিনা তা মনিটরিং প্রতিবেদনে উল্লেখ করবেন।
- ৫) আঞ্চলিক পরিদর্শকগণকে মনিটরিং-এর সময় মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত শেরপা, জাতীয় শুদ্ধাচার কৌশল ও বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে উল্লেখিত বিষয়গুলো যথাযথভাবে সম্পাদন করছেন কিনা তা সরেজমিনে পরিদর্শন করবেন।
- ৬) আঞ্চলিক পরিদর্শকগণকে মনিটরিং-এর সময় প্রতিষ্ঠানের কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীদের হাজিরা শীট, ছাত্রছাত্রীদের হাজিরা শীট, বিভিন্ন পরীক্ষার খাতা মূল্যায়ন, মার্কশীটে লিপিবদ্ধ নম্বর সমূহ যথাযথভাবে সম্পাদন এবং শিক্ষকদের কোচিং বাণিজ্য ও প্রাইভেট পড়ানো বন্ধে "শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২" অনুসরণ করছেন কিনা তা সরেজমিনে পরিদর্শন করবেন।
- ৭) আঞ্চলিক পরিদর্শকগণ বিদ্যমান লজিস্টিক সাপোর্টের পূর্ণ ব্যবহার যাতে করতে পারেন সে বিষয়ে নিশ্চিত করা হবে।

উল্লেখিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ মুরুল ইসলাম)

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,

আঞ্চলিক পরিদর্শক  
আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়,  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ

অনুলিপি :

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.১৬২.১৪. ২৫৪৫(২)

তারিখ : ২৩/০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপি :

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।

২। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।